# বিশ্ব পরিবেশ দিবস ২০২৬

## সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠান

### ৯ জুলাই থেকে ১৫ জুলাই


বিশ্ব পরিবেশ দিবস ২০২৬ উপলক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের উদ্যোগে আগামী ৯ থেকে ১৫ জুলাই শেরেবাংলা নগর, পুরাতন বানিজ্য মেলার মাঠে অনুষ্ঠিত হতে যাচ্ছে ০৭ দিনব্যাপী 'পরিবেশ মেলা'। বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান এবং শিল্প প্রতিষ্ঠানের অংশগ্রহণে আয়োজিত এ মেলায় পরিবেশ বিষয়ক গবেষণা, পরিবেশবান্ধব প্রযুক্তি ও পণ্য প্রদর্শনের পাশাপাশি পরিবেশ মঞ্চে প্রতিদিন সকালে পরিবেশ ও টেকসই উন্নয়ন বিষয়ক সেমিনারের আয়োজন থাকবে। পরিবেশ সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন উপকমিটি কর্তৃক প্রথমবারের মতো পরিবেশ অধিদপ্তরের তত্ত্বাবধান ও পরিকল্পনায়, গ্রীন সেভার্সের সার্বিক ব্যবস্থাপনায় এবং স্কয়ার গ্রুপের Corporate Social Responsibility (CSR) এর আওতায় পরিবেশ মেলা প্রাঙ্গণে এবারের বিশেষ আকর্ষণ হিসেবে পরিবেশ সচেতনতামূলক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

প্রতিদিন বিকালে উক্ত সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশের খ্যাতিমান শিল্পীদের অংশগ্রহণে সংগীত, লোকসংগীত, নৃত্য, আবৃত্তি, পুতুল নাচ, মূকাভিনয়, ম্যাজিক শো ও অন্যান্য পরিবেশনার মাধ্যমে পরিবেশ সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য, দূষণ নিয়ন্ত্রণ ও টেকসই জীবনধারার বার্তা তুলে ধরা হবে। এছাড়া দর্শনার্থীদের জন্য থাকবে পরিবেশ বিষয়ক কুইজ, রিসাইক্লিং কর্ণার, প্লাস্টিকের বোতলের বিনিময়ে চারাগাছ বিতরণ, গাছের পরিচর্যা বিষয়ক পরামর্শ এবং শিশু-কিশোরদের জন্য বিভিন্ন অংশগ্রহণমূলক আয়োজন। পরিবেশ সচেতনতা, শিক্ষা ও সংস্কৃতির সমন্বয়ে এই আয়োজন দেশের সর্বস্তরের মানুষের মধ্যে পরিবেশ সংরক্ষণের ইতিবাচক বার্তা ছড়িয়ে দিতে শীর্ষস্থানীয় সংবাদপত্র এবং বিভিন্ন গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## বিশেষ আকর্ষণ


কামরুজ্জামান রাব্বি


সাজিয়া সুলতানা পুতুল


শাহীন শাহ


সাবরিনা রহমান বাধন


আবু হেনা রনি


শ্রী পলাশ শীল


দিনা মন্ডল


তানভীর সরকার

| তারিখ | বিকাল ৫:০০ - বিকাল ৫:৩০ | বিকাল ৫:৪৬ - বিকাল ৬:৩০ |
|---|---|---|
| ৯ জুলাই | ঢোল, বাঁশি (কামরুজ্জামান রাব্বির দল) | লোকগান (কামরুজ্জামান রাব্বি) |
| ১০ জুলাই | ব্যান্ড শো - (গানপোকা) | পথনাটক ও ভেন্ট্রিলোকুইজম<br>(শাফিনুর আলম সিদ্দিক ও আপোলো নওরোজ) |
| ১১ জুলাই | ম্যাজিক শো (শাহীন শাহ) | আধুনিক গান (সাজিয়া সুলতানা পুতুল + সৈয়দ রেজা আলী) |
| ১২ জুলাই | নজরুল সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশনা<br>(বাঁশরী) | পুঁথিপাঠ (তানভীর সরকার) |
| ১৩ জুলাই | স্ট্যান্ড-আপ কমেডি (আবু হেনা রনি) | গম্ভীরা (প্রয়াস ফোক থিয়েটার ইনস্টিটিউট) |
| ১৪ জুলাই | পুতুল নাচ (জলপুতুল) | বাউল গান (শ্রী পলাশ শীল) |
| ১৫ জুলাই | মূকাভিনয় (নিথর মাহবুব) | বাউল গান (দিনা মন্ডল) |

**স্থান: শেরেবাংলা নগর, পুরাতন বাণিজ্য মেলার মাঠে আয়োজিত পরিবেশ মেলা প্রাঙ্গণ**

## বিশেষ আকর্ষণ ও ইন্টারঅ্যাক্টিভ বুথ

- রিসাইক্লিং কর্নার: ব্যবহৃত প্লাস্টিক বোতলের বিনিময়ে চারাগাছ উপহার।
- ট্রি ডক্টর কর্নার: উদ্ভিদ বিশেষজ্ঞের পরামর্শ।
- দৈনিক কুইজ প্রতিযোগিতা।
- পুরস্কার বিতরণী অনুষ্ঠান।

